গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়, ঢাকা।
সমবায় ভবন, প্লট নং-এফ-১০-এ-এফ-১০বি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

আদেশ নং-৪৭.৬১.২৬.০০.০০০.৩৩. 2488(2) তারিখ ঃ 01/06/2020

ঢাকা জেলার গুলশান মেট্রোঃ থানাধীন শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড এর নিবন্ধন নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে প্রদান করা হল।

শর্ত সমূহ

১) সমিতির কার্যক্রম সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধীত,২০০২ ও ২০১৩) ও সমবায় বিধিমালা,২০০৪ এবং সমিতির উপ-আইনের আলোকে পরিচালনা করতে হবে।
২) ০১(এক) মাসের মধ্যে যে কোন তফসিলী ব্যাংকে হিসাব খুলে অত্র দপ্তর কে লিখিত ভাবে অবহিত করতে হবে। সমিতির নামে যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট থাকতে হবে। সকল লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে করতে হবে এবং ব্যাংক রেজিষ্টার হালনাগাদ থাকতে হবে।
৩) সমিতির নিবন্ধিত ঠিকানা পরিবর্তন করতে হলে সাধারণ সভার অনুমোদন গ্রহণ করতঃ উপ-আইন সংশোধন করতে হবে।
৪) সমিতির নিবন্ধিত ঠিকানায় অফিস ঘরে সাইনবোর্ড ঝুলানো থাকতে হবে।
৫) সমিতির সাধারণ সীলমোহর (গোল সীল) থাকবে। সীল মোহরে নিবন্ধন নং ও তারিখ থাকবে।
৬) সমিতির ডাক যোগাযোগের ঠিকানা থাকতে হবে। এই ক্ষেত্রে হোল্ডিং নম্বর/গ্রামের ক্ষেত্রে বাড়ির মালিকের নাম উল্লেখ্য থাকতে হবে।
৭) সমিতির সভ্য বহি বা সদস্য বহি হাল নাগাদ থাকতে হবে, সদস্য বহির সকল কলাম পূরণ করতে হবে।
৮) শেয়ার মূলধন কমপক্ষে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং সঞ্চয় আমানত কমপক্ষে ২০,০০০/-(বিশ হাজার) টাকায় উন্নীত করতে হবে।
৯) সমিতির ক্যাশ বহি থাকিতে হবে। সকল আর্থিক লেনদেন ক্যাশ বহির মাধ্যমে হালনাগাদ লিপিবদ্ধ থাকতে হবে।
১০) সকল লেনদেন রশিদ/পাশ বই/ খরচের ভাউচারের মাধ্যমে সম্পাদন করতে হবে।
১১) শেয়ার খতিয়ান, সঞ্চয় আমানতের খতিয়ান ও অন্যান্য রেজিষ্টার হাল নাগাদ লিপিবদ্ধ থাকতে হবে।
১২) সাধারণ খাতিয়ান ব্যবহার করতে হবে এবং হাল নাগাদ লিপিবদ্ধ থাকতে হবে।
১৩) ব্যবস্থাপনা কমিটির মেয়াদ পূর্তির ৬০(ষাট) দিন পূর্বেই কমিটি গঠনের/ নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৪) প্রতি বছর অডিট সম্পাদনের ৬০(ষাট) দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা করতে হবে।
১৫) অসদস্য কারও নিকট হতে এফডিআর/আমানত গ্রহণ করা যাবেনা। যদি ইতোমধ্যে অসদস্যদের নিকট হতে আমানত/এফডিআর গ্রহন করা হয় তবে তা ফেরৎ প্রদান করতে হবে। কোন প্রকার ব্যাংকিং কার্যক্রম করা যাবে না।
১৬) কোন প্রকার শাখা/শাখা অফিস/প্রোগ্রাম অফিস খোলা যাবে না।

উল্লেখ যে, ০৬ মাস সময়ের মধ্যে সমিতির কার্যক্রম সন্তোষজনক না হলে এবং উপযুক্ত শর্ত সমূহ পালনে ব্যর্থতার জন্য সমিতির নিবন্ধন বাতিল করা হবে।

01/06/2020

মোঃ জাহিরুল হক
জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)
ঢাকা।
ফোনঃ ৯১৪৪০৮১
dco_dhaka@yahoo.com

সভাপতি/সম্পাদক
শতধা সঞ্চয় ও ঋণদান সমবায়
সমিতি লিমিটেড।

জ্ঞাতার্থে অনুলিপি ঃ

১। মেট্রোঃ থানা সমবায় অফিসার
গুলশান, ঢাকা।
২। অফিস কপি।

* সদস্য ব্যতিত ঋণ প্রদান ও আমানত গ্রহন করা যাবে না।
* এমএলএম (MLM) কার্যক্রম করা যাবে না।
* হটকারী, লোভনীয় ও বিভ্রান্তিমূলক বিজ্ঞাপন প্রচার করা যাবে না।
* সমবায় সমিতি আইন/০১, বিধিমালা/০৪ ও নিবন্ধকের সার্কুলার পরিপন্থি কোন কাজ করা যাবে না।
* কোন শাখা খোলা যাবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়, ঢাকা।
সমবায় ভবন
সিভিক সেক্টর, প্লট নং-এফ-১০-এ-এফ-১০বি
(পঙ্গু হাসপাতালের বিপরীতে) আগারগাঁও, ঢাকা-১২০৭।

# " সমিতির নিবন্ধনের অবগতি পত্র "

জেলার নাম ঃ ঢাকা।

| | | |
|---|---|---|
| ১। | নিবন্ধনকৃত সমিতির নাম | ঃ শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড। |
| ২। | সভ্যদের দেনার প্রকারভেদ | ঃ সীমাবদ্ধ। |
| ৩। | রেজিষ্ট্রেশন নং- | ঃ ২৪৭ তারিখঃ-০১/০৬/২০২০ |
| ৪। | সমিতির নিবন্ধনকৃত সভ্য নির্বাচনী এলাকা | ঃ যাহারা দিনাজপুর জেলার যে কোন স্কুল থেকে ১৯৮৪ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এস.এস.সি) পাস অথবা দিনাজপুর জেলার যে কোন কলেজ থেকে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (এইচ.এস.সি) পাস করে ঢাকা মহানগরীতে বসবাস করছেন তাদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে। |
| ৫। | সমিতির কর্ম এলাকা | ঃ গুলশান থানা এলাকার মধ্যে সীমাবদ্ধ। |
| ৬। | সমিতির নিবন্ধনকৃত ঠিকানা | ঃ বাড়ী-৫৪, রোড-৩, ব্লক-বি, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২। |
| ৭। | সভাপতির নাম | ঃ জনাব মোস্তফা সাব্বির হোসনাইন। |
| | সহ-সভাপতির নাম | ঃ জনাব চৌধুরী আখতার আসিফ। |
| ৮। | সংগঠনকারীর নাম | ঃ ১। জনাব মোস্তফা সাব্বির হোসনাইন<br>বাসা-৫৪, রাস্তা-০৩, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২।<br>২। জনাব রিজুওয়ানুস শামীম<br>বাসা-৫৮/১, সেনপাড়া, পর্বতা, মিরপুর-১০, মিরপুর, ঢাকা। |

জেলা সমবায় কার্যালয় ঢাকা

স্বাক্ষরিত/-
(মোঃ জহিরুল হক)
জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)
ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.২৬.০০.০০০.৩৩-২৬৪২(২) তারিখঃ-০১/০৬/২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। সভাপতি, শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড।
২। মেট্রোঃ থানা সমবায় অফিসার, গুলশান, ঢাকা।

০১/৬/২০২০
জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)
ঢাকা।
২৯/০৬/২০

* সদস্য ব্যতিত ঋণ প্রদান ও আমানত গ্রহন করা যাবে না।
* এমএলএম (MLM) কার্যক্রম করা যাবে না।
* হটকারী, লোভনীয় ও বিভ্রান্তিমূলক বিজ্ঞাপন প্রচার করা যাবে না।
* সমবায় সমিতি আইন/০১, বিধিমালা/০৪ ও নিবন্ধকের সার্কুলার পরিপন্থি কোন কাজ করা যাবে না।
* কোন শাখা খোলা যাবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়, ঢাকা।
সমবায় ভবন
সিভিক সেক্টর, প্লট নং-এফ-১০-এ-এফ-১০বি
(পঙ্গু হাসপাতালের বিপরীতে) আগারগাঁও, ঢাকা-১২০৭।

আদেশ নং-৪৭.৬১.২৬.০০.০০০.৩৩-2486 তারিখঃ-02/06/2020

২০০১ ইং সালের সমবায় সমিতি আইন ও সংশোধিত'২০১৩ এর ১৮(২)(ক) ধারায় আমার উপর অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ অনুযায়ী '' শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড '' এর প্রথম ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হইল। তাহাদের কার্যকাল, নিয়োগের তারিখ হইতে আগামী ০২ (দুই) বৎসরের জন্য বলবৎ থাকিবে। উক্ত সময়ের মধ্যে সমবায় সমিতি আইন, বিধি ও উপ-আইন মোতাবেক নির্বাচনের মাধ্যমে কমিটি পূণ:গঠন করিতে হইবে।

| | | | |
|---|---|---|---|
| ১) | জনাব | মোস্তফা সাব্বির হোসনাইন | সভাপতি |
| ২) | জনাব | চৌধুরী আখতার আসিফ | সহ-সভাপতি |
| ৩) | জনাব | রিজুওয়ানুস শামীম | সম্পাদক |
| ৪) | জনাব | মোহাম্মদ রফিক | যুগ্ম-সম্পাদক |
| ৫) | জনাব | মীর রফিকুল আহসান | কোষাধ্যক্ষ |
| ৬) | জনাব | মোঃ মুর্শেদুল ইসলাম | সদস্য |
| ৭) | জনাব | মোঃ আবুল কালাম আজাদ | সদস্য |
| ৮) | জনাব | জেসমিন বেগম | সদস্য |
| ৯) | জনাব | সাইবুন নেসা | সদস্য |
| ১০) | জনাব | মোঃ ফরহাদ কাওসার | সদস্য |
| ১১) | জনাব | মোঃ মিজানুর রহমান | সদস্য |
| ১২) | জনাব | ইন্দ্রজিৎ রায় | সদস্য |

জেলা সমবায় কার্যালয় ঢাকা

স্বাক্ষরিত/-
(মোঃ জহিরুল হক)
জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)
ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.২৬.০০.০০০.৩৩-2486/2(2) তারিখঃ-02/06/2020

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। সভাপতি, শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড।

২। মেট্রোঃ থানা সমবায় অফিসার, গুলশান, ঢাকা।

02/06/2020

জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)
ঢাকা।

2/06/20

# শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড

এর

# উপ-আইন

*সববায় সমিতি আইন, ২০০১ ( সংশোধিত ২০০২, ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা , ২০০৪ অনুযায়ী প্রণীত ও নিবন্ধিত।*

# শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড

এর

জেলা সমবায় কার্যালয়, ঢাকা

# উপ-আইন

*সববায় সমিতি আইন, ২০০১ ( সংশোধিত ২০০২, ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুযায়ী প্রণীত ও নিবন্ধিত।*

এই উপ-আইন সমূহ শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ কর্তৃক দাখিল করা হইয়াছে এবং আমার কার্যালয়ে ... /২০০১ অনুযায়ী যথার্থ ভাবে নিবন্ধিত হইয়াছে।

জেলা সমবায় অফিসার
ঢাকা।
২৭/০৮/২০

# শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড

রেজিষ্ট্রেশন নং ২৪৯
তারিখ : ৩১/০৮/২০২০

## উপ-আইন

(সমবায় সমিতি আইন- ২০০১ (সংশোধিত'২০০২, ২০১৩) অনুসারে নিবন্ধনকৃত)

<u>প্রারম্ভিকা</u>

**১। সংক্ষিপ্ত শিরোনাম-**

এই উপ-আইন, "**শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড**" এর উপ-আইন নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।–**

বিষয় বা প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই উপ-আইনে -

(ক) "আইন" বলিতে সমবায় আইন, ২০০১ (সংশোধনী ২০০২ ও ২০১৩) এবং উহার পরবর্তী সংশোধনসমুহ বুঝাইবে এবং "বিধিমালা" বলিতে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও উহার পরবর্তী সংশোধনীসমূহ বুঝাইবে;

(খ) "উপ-আইন" বলিতে শতধা সমবায় সমিতি লিঃ এর উপ-আইন বুঝাইবে।

(গ) নিবন্ধক বলিতে সমবায় অধিদপ্তরের শীর্ষ কর্মকর্তা এবং নিবন্ধকের নিকট হইতে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকেও বুঝাইবে।

(ঘ) "সমিতি" বলিতে, **শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড** কে, পরবর্তীতে এই সমিতিকে বুঝাইবে।

## <u>সমিতির নাম ও ঠিকানা</u>

**৩। সমিতির নাম -**

এই সমিতির নাম **শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড।**

**৪। সমিতির ঠিকানা –**

(১) সমিতির নিবন্ধনকৃত অফিস হইবে -

বাড়ী - ৫৪, রোড – ৩, ব্লক – বি, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২

(২) সমিতির ঠিকানা পরিবর্তন করিতে হইলে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে নিবন্ধককে লিখিতভাবে অভিহিত করিতে হইবে এবং উপ-আইন সংশোধন করিতে হইবে।

* সদস্য ব্যতিত ঋণ প্রদান ও আমানত গ্রহন করা যাবে না।
* এমএলএম (MLM) কার্যক্রম করা যাবে না।
* হটকারী, লোভনীয় ও বিভ্রান্তিমূলক বিজ্ঞাপন প্রচার করা যাবে
* সমবায় সমিতি আইন/০১, বিধিমালা/০৪ ও নিবন্ধকের সার্কুলার পরিপন্থি কোন কাজ করা যাবে না।
* কোন শাখা খোলা যাবে না।

(ক্রমিক ৫ ও ৬ সমিতির সাংগঠনিক সভায় সিদ্ধান্তক্রমে হইবে)

## সদস্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা

**৫। সমিতির সদস্য নির্বাচনী এলাকা-**

যাহারা দিনাজপুর জেলার যেকোন স্কুল থেকে ১৯৮৪ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এস,এস,সি ) পাস অথবা দিনাজপুর জেলার যেকোন কলেজ থেকে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (এইচ,এস, সি) পাস করে ঢাকা মহানগরীতে বসবাস করছেন তাদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

**৬। সমিতির কর্ম এলাকা –**

সমিতির কর্ম এলাকা ঢাকা জেলার গুলশান থানা এলাকার মধ্যে সীমাবদ্ধ।

## সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য

**৭। সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য।–**

(ক) লক্ষ্য –

দিনাজপুর জেলা হতে ১৯৮৪ সালে এস,এস,সি পরীক্ষায় পাস করা/ ১৯৮৬ সালে এইচ.এস.সি পরীক্ষায় পাস করা বন্ধুদের একতাবদ্ধ করে সমবায় ভিত্তিক একটি শক্তিশালী প্রতিষ্ঠান তৈরি করা এবং পরিবেশ বান্ধব সামাজিক ব্যবসার মাধ্যমে নিজেদের অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখা ।

(খ) মুখ্য উদ্দেশ্য-

(১) সমবায় সংগঠনের মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন।

(২) সংগঠনের সদস্যদের পরস্পরের মাঝে সৌহার্দ্যপুর্ণ বন্ধন তৈরি করা।

(৩) সমিতির কর্ম এলাকার সদস্যগনের পারস্পরিক সহযোগিতায়/অ-রাজনৈতিক স্থানীয় সংগঠন, কমিটি ও প্রশাসনের সহযোগিতায় সদস্যগনের জীবন যাত্রার মান উন্নয়ন করা।

(৪) বর্তমান সময়ের আলোচিত বিষয়/ সামাজিক সুরক্ষামুলক বিভিন্ন কাজে সমিতি অংশগ্রহন করবে।

(৫) দারিদ্র বিমোচন /পরিবেশর ভারসাম্য/টেকসই উন্নয়ন সংক্রান্ত সমিতির সাথে সংগতিপূর্ন যেকোন কার্যক্রম গ্রহন।

(৬) সদস্যদের জমাকৃত শেয়ার,সঞ্চয় ও অন্যান্য তহবিল হতে সমিতির সম্পদ বৃদ্ধি করা।

(৭) সমিতির সদস্যদের আয় বৃদ্ধির উদ্দেশ্যে ক্ষুদ্র,মাঝারী,বৃহৎ শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা।

(৮) কৃষি ভিত্তিক বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করা। ক্ষুদ্র,মাঝারী,বৃহৎ পরিসরে ডেইরি, পোল্টি, গবাদি পশু প্রতিপালন ও পরিচালনা করা।

(৯) দেশের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় অবদান রাখার উদ্দেশ্যে মানসম্পন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, স্কুল, কলেজ , বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা।

(১০) অবহেলিত ও বঞ্চিত প্রবীনদের জন্য মানসম্পন্ন আবাসন তৈরী ও পরিচালনা করা।

(১১) দেশের সুনাগরিক তৈরীর লক্ষ্যে সুবিধাবঞ্চিত এতিম শিশুদের আবাসন ও শিক্ষা ব্যবস্থায় অবদান রাখা।

(১২) নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা, নারী ক্ষমতায়নে সমিতি যথাযথভাবে ভুমিকা রাখতে সচেষ্ট থাকা।

(১৩) সমিতি সরকার ও বিভিন্ন স্থানীয়, আর্ন্তজাতিক সংস্থার নবায়ণ যোগ্য জ্বালানি ব্যবহার বিষয়ক ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ প্রকল্পে অংশগ্রহন ও বাস্তবায়ন করা।

(১৪) জাতিসংঘ কর্তৃক নির্ধারিত Sustainable Development Goal ( SDG) বিধিমালার আলোকে সমিতির সকল প্রকল্প বাস্তবায়িত হইবে।

(গ) এছাড়া দেশের প্রচলিত আইন আনুযায়ী অনুমোদিত অন্য যে কোন ধরনের ব্যবস্থা গ্রহন করা যাইবে সমিতির সদস্যদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নকল্পে।

(ঘ) উপরোল্লিখিত উদ্দেশ্য সাধনের জন্যে দেশের প্রচলিত আইন প্রতিপালনপূর্বক সমিতির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন ও বাস্তবায়ন করিবে।

## ৮। প্রাতিষ্ঠানিক মুল্যবোধ –

সচ্ছতা - সমিতির সকল প্রকার কার্যক্রম এমনভাবে পরিচালিত হইবে যেন সমিতির সকল কার্যক্রম সকল সদস্যগণ অবহিত থাকেন।

জবাবদিহিতা - ব্যবস্থাপনা কমিটি সমিতির সকল কাজে জবাবদিহিতা নিশ্চিত করবে।

সততা - সকল কার্যক্রম সততার ভিত্তিতে পরিচালিত হবে। ব্যবস্থাপনা কমিটি তা প্রতিটি স্তরে সেটা নিশ্চিত করবে।

ঐক্য – যেকোন পরিস্তিতিতে কোন বিষয়ে মত ভিন্নতা হলে সদস্যগণ যুক্তিযুক্ত ও ন্যায্য সমাধানের প্রতি একমত হইবেন এবং একতাবদ্ধ থাকিবেন। (গণতান্ত্রিক পদ্ধতিতে)

পরমসহিঞ্চুতা - সদ্যসরা স্বাধীনভাবে তাদের মতামত প্রদান করতে পারবেন এবং প্রত্যেকেই অন্যের মতামত, কাজের প্রতি শ্রদ্ধাশীল থাকবেন।

## ৯। সীলমোহোর।-

ব্যবস্থাপনা কমিটি সমিতি পরিচালনার জন্য একটি সাধারন সীলমোহর রাখিবে সমিতির জারীকৃত সকল নোটিশ ও ইস্যুকৃত পত্র সমূহে উক্ত সীলমহর ব্যবহার করা হবে এবং উহা সম্পাদকের নিকট গচ্ছিত থাকিবে।

# সমিতির সদস্যপদ

## ১০। সমিতির সদস্য পদের যোগ্যতা-

(১) যাহারা দিনাজপুর জেলার যেকোন স্কুল থেকে ১৯৮৪ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এস,এস,সি ) পাস অথবা দিনাজপুর জেলার যেকোন কলেজ থেকে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এইচ,এসসি) পাস করে ঢাকা মহানগরীতে বসবাস করছেন তাহারা এই সমিতির সদস্য হইতে পারিবেন।

(২) যাহারা সদস্য হইবে তাহাদের প্রত্যেকেই –

(ক) ১০০/- (একশত) টাকা করে ভর্তি ফি দিতে হইবে।

(খ) ৫০০০/- (পাঁচ হাজার) টাকার অন্তত ১ (এক) টি শেয়ার ক্রয়সহ শেয়ার মূল্যের সমপরিমান টাকা সঞ্চয় আমানত হিসেবে জমা দিতে হইবে।

(গ) সদস্য প্রতি মাসিক ১০০০ টাকা সঞ্চয় ভিত্তিতে সমিতিতে নিয়মিত জমা দিতে হবে।/ পরবর্তীতে সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক মাসিক সঞ্চয় বৃদ্ধি-হ্রাস করা যাবে।

(ঘ) সদস্য তালিকা বহিতে প্রয়োজনীয় তথ্য দিয়া সাক্ষর অথবা টিপসহি দিতে হইবে।

(ঙ) সমিতির উপ-আইন সমুহ মানিয়া চলিবার লিখিত প্রতিশ্রুতি দিতে হইবে।

(চ) নতুন সদস্য ভর্তির জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটির অনুমতির প্রয়োজন হইবে।

(৩) সমিতির সদস্য এবং আমানত সংগ্রহের জন্য কোন লিফলেট, বুরুশিয়ার বা অন্য কোন প্রচার মাধ্যমে চটকদার বিজ্ঞাপন দেওয়া যাবে না।

( সমিতির সাংগঠনিক সভায় ক ও খ নির্ধারিত হইবে)

## ১১। সদস্যের মনোনিত ব্যক্তি -

সমিতির প্রত্যেক সদস্য এমন একজন একক ব্যক্তিকে মনোনিত করিবেন, যাহাতে তাহার মৃত্যু বা অন্য কোন কারনে দস্যপদ হারাইলে তাহার অনুপস্থিতিতে তাহার শেয়ার বা তৎসংক্রান্ত যাবতীয় অধিকার ও দায়-দায়িত্ব অর্জন করিবেন, এই ক্ষেত্রে উত্তারাধীকারী সংক্রান্ত কোন আইন প্রযোজ্য হইবে না। সদস্য ইচ্ছা করিলে যেকোন সময়ে তাহার মনোয়ন লিখিতভাবে পরিবর্তন বা বাতিল করিতে পারিবেন।

## ১২। সদস্য পদের অবসান-

নিম্নলিখিত কারনে সদ্যে পদের অবসান হইবে-

(ক) সমস্ত শেয়ার হস্তান্তর বা বাজেয়াপ্ত হইলে;

(খ) সদস্যপদের যোগ্যতা হারাইলে;

(গ) সদস্যপদ প্রত্যাহার করিলে;

(ঘ) মৃত্যু ঘটিলে;

(ঙ) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সদস্যপদ রহিত হইলে;

(চ) আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতস্থ ঘোষিত হইলে।

## ১৩। সদস্যপদ প্রত্যাহার –

কোন সদস্য যদি নিজে বা জামিনদার হিসাবে সমিতির নিকট ঋণী না থাকেন তাহা হইলে ব্যবস্থাপনা কমিটির নিকট ০৩ (তিন) মাসের লিখিত নোটিশ দিয়ে সদস্যপদ ত্যাগ করিতে পারিবেন, কিন্তু যদি উক্ত সদস্যর সমিতির নিকট কোন ঋণ থাকে তাহ হইলে তা তার শেয়ার বা আমানত থেকে কর্তন করা যাইবে। সদস্যের শেয়ার বা আমানত অন্য কোন সদস্যের নিকট ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে হস্তান্তর করা যাইবে। সমিতি কোন শেয়ার ক্রয় করিবে না।

## ১৪। সদস্য বহিস্কার ও অপসারণ-

(ক) কোন সদস্য ব্যবস্থাপনা কমিটির সভার বিবেচনায় যদি ইচ্ছাপুর্বক কোন আইন, বিধিমালা, উপ-আইন বা সমিতির প্রনীত অন্য কোন নিয়ম লংঘন করেন তাহা হইলে ০৭ (সাত) দিনের নোটিশ দিয়া উপ-আইনের বিধান অনুযায়ী তাকে জরিমানা, পদচ্যুত বা সদস্যপদ রহিত করা যাইবে।

(খ) বাতিলকৃত সদস্যের পাওনা শেয়ার বা আমানত বিষয়ে ব্যবস্থাপনা কমিটি যথাযথ ব্যবস্থা গ্রহন করিতে পারিবে। সদস্য পদের যোগ্যতা হারাইলে উক্ত ব্যক্তিকে ব্যবস্থাপনা কমিটি পরবর্তী সাধারণ সভায় অনুমোদন সাপেক্ষে সদস্য পদ হইতে অপসারন করিতে পারিবে।

## ১৫। সমিতির সদস্যগনের অধিকার ও দায়বদ্ধতা-

(ক) সদস্যের অধিকার - সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধণী ২০০২ ও ২০১৩) এর ধারা ৩৬ থেকে ৪১ পর্যন্ত এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর বিধি ৮৭ হইতে ৯১ পর্যন্ত কার্যক্রম হইবে।

(খ) সদস্যের দায় – সমিতির জন্য সদস্যগণ স্ব-স্ব কর্তৃক ক্রয়কৃত শেয়ারের হার পর্যন্ত দায়ী থাকবে।

(গ) প্রতিনিধি মনোনয়ন- ব্যবস্থাপনা কমিটি এই সমিতির কেন্দ্রীয় বা জাতীয় সমিতিতে এই সমিতির সদস্যদের মধ্য হতে একজন সদস্যকে প্রতিনিধিত্ব করার জন্য মনোনয়ন করবেন।

(ঘ) সমিতির সদস্যগনকে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মাসিক সঞ্চয় বাবদ অর্থ প্রতিমাসে সমিতিতে নির্দিস্ট সময়ে জমা দিতে হইবে। নির্দিস্ট সময় অতিক্রান্ত হইলে জরিমানাসহ বকেয়া অর্থ জমা দিতে হইবে।

(ঙ) প্রত্যেক সদস্যকে প্রতি সমবায় বর্ষে কমপক্ষে ১ টি শেয়ার খরিদ করিতে হইবে।

(চ) পর পর ৩ মাস কোন সদস্য সঞ্চয় বা আমানত জমা দিতে ব্যর্থ হইলে ও সমবায় বর্ষে কমপক্ষে ১ টি শেয়ার ক্রয়ে ব্যর্থ হইলে উক্ত সদস্যের সদস্যপদ সাময়িকভাবে রহিত করা হইবে।

(ছ) সদস্যপদ রহিত প্রত্যাহার করিতে হইলে সকল প্রকার বকেয়াসহ ব্যবস্থাপনা কমিটি কতৃক নির্ধারিত জরিমানার অর্থ সমিতিতে জমা দিতে হবে।

(জ) সকল প্রকার বকেয়াসহ জরিমানা অর্থ সমিতিতে জমা প্রদান করা হইলে ব্যবস্থাপনা কমিটি উক্ত সদস্যের সদস্যপদ বহালের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করিয়া সদস্যকে জানাইয়া দেয়া হইবে।

## মূলধন সৃষ্টি, ব্যবহার ও ঋন আদায়

### ১৬। মুলধন সৃষ্টির উপায়-

সমবায় আইন, বিধিবিধান, উপ-আইনের বিধান মান্য করিয়া নিম্নলিখিতভাবে সমিতির মুলধন সংগ্রহ করা হবেঃ-

(ক) শেয়ার বিক্রয়।

(খ) সদস্যদের নিকট হইতে আমানত গ্রহন। (অগ্রীম সুদ/ মুনাফা দেওয়ার শর্তে কোন আমানত গ্রহণ করা হবে না।

(গ) সদস্য, কেন্দ্রীয় সমিতি, কোন ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋন গ্রহন করিতে পারিবে, সদস্য ব্যতীত কোন ব্যক্তি নিকট হইতে আমানত গ্রহন করিতে পারিবেনা।

(ঘ) সরকারি বা অন্যান্য প্রতিষ্ঠান হইতে অনুদান বা ঋন গ্রহন করা যাইবে।

(ঙ) সম্পত্তি, ব্যবসায়, কারবার বা অন্যান্য আয় হইতে।

### ১৭। অনুমোদিত শেয়ার মুলধন-

(ক) সমিতির অনুমোদিত শেয়ার মুলধনের পরিমান ১০,০০,০০,০০০/- (দশ কোটি) হইবে এবং প্রতি শেয়ারের মূল্য হইবে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা। সদস্য ব্যতীত অন্য কেউ শেয়ার ক্রয় করিতে পারিবেনা। যে সকল সদস্যগন সেচ্ছায় শেয়ার হস্তান্তর করিতে ইচ্ছুক সে সকল সদস্য শেয়ারের বর্তমান মুল্য অনুযায়ী শেয়ার হস্তান্তর করিতে পারিবেন এবং সদস্যপদের সকল যোগ্যতা অনুসরনপুর্বক শেয়ার ক্রয়কৃত ব্যক্তি ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে সমিতির সদস্যভুক্ত হইতে পারিবেন।

(খ) কোন সদস্য সমিতির মোট অনুমোদিত শেয়ার মুলধনের (১/৫) অংশের বেশী শেয়ার খরিদ করিতে পারিবেন না।

১৮। (১) মূলধন ব্যবহারের সীমাবদ্ধতাঃ

(ক) সমিতির মূলধন অবক্ষয় করে কোন ব্যয় নির্বাহ করা হবে না।

(খ) সংগৃহীত আমানতের বিপরীতে সমবায় আইন ও বিধিমালা মোতাবেক প্রয়োজনীয় তারুল্য সংগ্রহ করা হবে।

(গ) উৎপাদন ও বাজারজাতকরণ কাজে সমিতির মূলধন বিনিয়োগ করতে হবে।

(ঘ) আমানতের অর্থ দিয়ে জমি বা কোন স্থায়ী সম্পদ ক্রয় করা হবে না।

(২) সদস্যদের ঋন গ্রহনের সীমাঃ- শেয়ার বাবদ প্রদত্ত টাকার ৪০ গুনের অধিক কোন সদস্যই কর্জ পাইবেন না। ঋণ গ্রহণ ও প্রদাণের ক্ষেত্রে আইন ও বিধিমালার শর্ত অনুসারে সমিতি কর্তৃক ঋন নীতিমালা প্রনয়নপুর্বক নীতিমালা মোতাবেক লেনদেন হইবে। সদস্য ব্যতীত কোন ব্যক্তিকে ঋন দেওয়া যাইবে না।

## সাধারন সভা

**১৯। সাধারন সভারঃ-**

প্রতি বৎসর বার্ষিক নিরীক্ষা সম্পাদনের ৬০ (ষাট) দিনের মধ্যে আইন ও বিধি মোতাবেক সাধারণ সভা অনুষ্ঠান যথারীতি করিতে হইবে। উক্ত সময় সীমার মধ্যে সাধারণ সভা করিতে ব্যর্থ হইলে, সমিতি নিবন্ধকের নিকট উক্ত সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবে।

**২০। সাধারন সভা অনুষ্ঠানঃ-**

সমবায় সমিতির আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ধারা ১৬ হইতে ১৭ পরযন্ত এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর বিধি ১৩ হইতে ২১ পর্যন্ত অনুসরনপুর্বক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভা বা তলবী সভা অনুষ্ঠান করিতে হইবে।

## সমিতির ব্যবস্থাপনা

**২১। ব্যবস্থাপনা কমিটি –**

(১) সমিতির পরিচালনার যাবতীয় দায়িত্ব সমবায় সমিতি আইন, বিধিমালা ও উপ-আইন মোতাবেক ১২ (বারো) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকিবে এবং সাধারন সভায় সম্পাদনযোগ্য কার্য ব্যতীত সমিতির সকল কার্য উক্ত কমিটি সম্পাদন করবে। ব্যবস্থাপনা কমিটি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ০৩ (তিন) বছরের জন্য নির্বাচিত হইবেন। ০৩ (তিন) বছর পুর্তির পুর্বে কমিটি গঠনের জন্য নির্বাচন সম্পন্ন করিতে হইবে। ১২ (বারো) সদস্য বিশিষ্ট কমিটির সদস্যগণ নিম্নলিখিত পদধারী হইবেন-

(ক) সভাপতি - ১ জন

(খ) সহ-সভাপতি - ১ জন

(গ) সম্পাদক - ১ জন

(ঘ) যুগ্ম-সম্পাদক - ১ জন

(ঙ) কোষাধ্যক্ষ - ১ জন

(চ) সদস্য – ৭ জন

(২) নির্ধারিত সময়ের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হইলে মেয়াদ পূর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হইবে এবং নিবন্ধক সমিতির সদস্য বা সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে ১২০ দিনের জন্য একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করিবেন।

(৩) নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির কোন সদস্যের পদ কোন কারনে শূন্য হইলে ব্যবস্থাপনা কমিটি উক্ত পদে নির্বাচিত হইবার যোগ্য সদস্যকে কো-অপ্ট করিয়া শূন্য পদ পুরন করিবেন।

## ২২। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন পদ্ধতি-

সমবায় আইনের ধারা ১৮(২) এবং বিধি ২২-৩৬ এর বিধান সাপেক্ষে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ সাধারণ সভায় নির্বাচিত হইবেন।

## ২৩। ব্যবস্থাপনা কমিটির সম্মানী ভাতা-

ব্যবস্থাপনা কমিটি নিয়মিত সভা আয়োজন ও অন্যান্য কাজের জন্য সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক ভাতা প্রাপ্ত হইবেন। তবে উপ-আইনে যাহাই থাকুক না কেন সমিতিতে ধার্যকৃত নিরীক্ষা ফি এবং সমবায় আইনের ৩৪ ধারা অনুযায়ী ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিলের পাওনা বকেয়া থাকিলে ব্যবস্থাপনা কমিটির সদস্যগনকে কোন ভাতা দেয়া হইবেনা।

জেলা সমবায় কার্যালয়, ঢাকা

## ২৪। ব্যবস্থাপনা কমিটির ক্ষমতা-

ব্যবস্থাপনা কমিটির নিম্নরুপ কার্যাবলি সম্পুর্ন করিতে পারিবে-

(১) নতুন সদস্য ভর্তি।

(২) সাধারন সভার অনুমোদনক্রমে আইন ও উপ-আইনের বিধান মতে, বর্তমান কোন সদস্যকে অপসারন ,বহিস্কার, সদস্যপদ রহিত অথবা জরিমানা করা।

(৩) তহবিল উন্নতিকরণ।

৪- তহবিল বিনিয়োগ করা।

৫- সমিতির স্বার্থে মামলা দায়ের, পরিচালনা ও আপোষ করা।

৬- শেয়ার আবেদন পত্র নিস্পত্তি করা।

৭- ঋনের আবেদন নিস্পত্তি এবং তাহার বিপরীতে জামানত নির্ধারন করা।

৮- বিশেষ ধরনের কাজের জন্য উপ- কমিটি গঠন করা।

৯- হিসাব সংরক্ষন ও হিসাব বিবরণী প্রসুতুত করা।

## ২৫। সভাপতি এর ক্ষমতা ও কর্তব্য-

আইন ও বিধি অনুযায়ীঃ-

(ক) তিনি সকল সভায় সভাপতিত্ব করিবেন ও সমিতির নির্বাহী প্রধান হইবেন।

(খ) তিনি সমিতির কার্যাবলি তদারকি করিবেন ও পরামর্শ প্রদান করিবেন।

(গ) তিনি সমিতির আর্থিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রন / তদারকি করিবেন।

(ঘ) তিনি ব্যাংক হিসাব যৌথভাবে পরিচালনার দায়িত্ব পালন করিবেন।

(ঙ) তিনি সকল প্রকার অনুমোদিত বিল/ব্যয় সম্পাদকের সাথে যৌথভাবে সাক্ষর করিবেন।

(চ) শর্থ থাকে যে, কোন বিষয়ে সমিতির ব্যবস্থাপনা কমিটির পূর্ব সিদ্ধান্ত থাকিলে তিনি উক্ত সিদ্ধান্তের পরিপন্থি কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিবে না।

## ২৬। সহ-সভাপতি এর ক্ষমতা ও কর্তব্য-

আইন ও বিধি অনুযায়ীঃ-

(ক) তিনি সভাপতির অনুপুস্থিতিতে সকল সভার সভাপতিত্ব করিবেন।

(খ) তিনি সমিতির কার্যাবলি তদারকি করিবেন ও পরামর্শ প্রদান করিবেন।

(গ) তিনি সমিতির আর্থিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রন / তদারকি করিবেন।

## ২৭। সম্পাদক এর ক্ষমতা ও দায়িত্ব –

আইন ও বিধির ব্যত্যয় না ঘটিয়ে-

(ক) তিনি সমিতির স্থাবর /অস্থাবর সম্পদ, সমিতির কার্যালয় ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত হইবেন।

(খ) তিনি সমিতির সকল প্রকার যোগাযোগ, চিঠি পত্র আদান-প্রদান ও ব্যবস্থাপনা করিবেন।

(গ) তিনি সমিতির সকল কার্যক্রম, কর্মসুচি প্রণয়ন ,প্রকল্প ব্যবস্থাপনা প্রণয়ন এবং বাস্তবায়ন সমন্বয় সাধন করিবেন।

(ঘ) তিনি সমিতির সকল প্রকার দলিল পত্র, কাগজ পত্র, সম্পদ, সকল প্রকার তথ্য রক্ষনাবেক্ষন ও সংরক্ষন করিবেন।

(চ) তিনি সমিতির ভাবমুর্তি রক্ষা, উন্নয়ন ও গতিশীল রাখার ব্যবস্থা করিবেন।

(ছ) তিনি সমিতির ব্যাংক হিসাব যৌথভাবে পরিচালনার দায়িত্ব পালন করিবেন।

(জ) সমিতির কার্য সঠিকভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজন অনুযায়ী সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা আহবান এবং আলোচ্যসুচি মোতাবেক সভা অনুষ্ঠানের কমপক্ষে ২৪ ঘণ্টা পুর্বে সদস্যকে সভার কার্যক্রম অবহিতকরন।

(ঝ) সমিতির ব্যবস্থাপনা কমিটির নিকট অথবা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত কোন সমিতির নিকট সমিতির আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে পরীক্ষা ও অনুমোদন উপস্থাপন করবেন।

(ঞ) সমিতির দৈনন্দিন অন্যান্য কার্যাদী।

## ২৮। যুগ্ম-সম্পাদকের দায়িত্ব ও কর্তব্যঃ-

(ক) সম্পাদক কে সকল কাজে সহযোগীতা করা।

(খ) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় কার্যাদী সম্পাদন করা।

## ২৯। কোষাধ্যক্ষের এর দায়িত্ব ও কর্তব্য-

(ক) তিনি সমিতির নগদ অর্থ, চেকবই সংরক্ষন, হিসাব নিকাশের বিবরন যথাযথভাবে পরিচালনা ও সমিতির সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করিবেন।

(খ) তিনি সমিতির ব্যাংক হিসাব যৌথভাবে পরিচালনার দায়িত্ব পালন করিবেন।

(গ) তিনি সমিতির সকল প্রকার বিল/ব্যয়,লেনদেন সংক্রান্ত কাগজ পত্র পরীক্ষা করিয়া ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন এর জন্য উপস্থাপন করিবেন।

(ঘ) সমিতির ব্যবস্থাপনা কমিটির নিকট অথবা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত কোন সদস্যের নিকট সমিতির আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে পরীক্ষা ও অনুমোদন উপস্থাপন করবেন।

(ঙ) তিনি সমিতির সকল আয়-ব্যয় সহ যাবতীয় হিসাব ব্যবস্থাপনায় প্রধান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

## ৩১। ব্যবস্থাপনা কমিটির সদস্যের দায়িত্ব ও কর্তব্য-

(ক) তিনি সমিতির সার্বিক উন্নয়নে এই উপ-আইনের অধীন ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন ও কমিটির সভার সিদ্ধান্ত গ্রহনে সহায়তা প্রদান করিবেন।

(খ) ব্যবস্থাপনা কমিটির সভায় অংশ গ্রহণ।

(গ) ব্যবস্থাপনা কমিটির সভায় ভোট প্রদাণ।

## ৩২। ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বিলুপ্তি ও অফিসার অপসারন-

ব্যবস্থাপনা কমিটির সদস্যদের কোন সদস্যের সদস্যপদ বিলুপ্ত হইবে – যদি,

(ক) উক্ত সদস্য ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচিত হইবার যোগ্যতাসমুহ বহাল না রাখেন।

(খ) পদত্যাগ করেন।

(গ) মৃত্যুবরন করেন।

## ৩৩। ব্যবস্থাপনা কমিটির সভা-

সমিতির কার্য পরিচালনার জন্যে মাসে অন্তত একবার ব্যবস্থাপনা কমিটির সভা হবে। অনুষ্ঠানের ০৭ (সাত) দিন পূর্বে আলোচ্যসুচি সহ নোটিশ প্রেরন করিতে হইবে এবং সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হইবে। কোন মাসে আলোচ্যসুচি না থাকলে তা লিখিতভাবে সদস্যদের জানাইতে হইবে।

## ৩৪। আর্থিক ব্যবস্থাপনা -

(১) সমিতির আর্থিক লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংকে সমিতির নামে একটি সঞ্চয়ী/ চলতি/ এসটিডি হিসাব এর মাধ্যমে পরিচালিত হইবে। ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে আবশ্যিকভাবে ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত করিতে হইবে।

(২) ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং সম্পাদক অথবা কোষাধ্যক্ষের যে কোন একজনের সহ যৌথ সাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করিবেন।

(৩) সমিতির নামে সংগৃহিত অর্থ কোন অবস্থাতেই ট্রেজারারের হাতে নগত ২০০০০ ( বিশ হাজার ) টাকার উর্ধ্বে রাখা যাইবেনা। অর্থ প্রাপ্তির যৌক্তিক সময়ের মধ্যে ব্যাংক হিসাবে জমা করিতে হইবে।

## ৩৫। সমিতির বিরোধ নিস্পত্তির পদ্ধতি-

সমিতির কোন বিরোধ/বিবাদ দেখা দিলে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উহা নিস্পত্তি করিতে না পারিলে সংক্ষুদ্ধ ব্যক্তি উহা নিস্পত্তির জন্য নিবন্ধক বরাবর উপযুক্ত কোর্ট ফি যুক্ত করিয়া সক্ষুদ্ধ পক্ষে ডিসপূট দায়ের করিতে পারিবেন। বিরোধ নিস্পত্তি সমবায় সমিতি আইনের ধারা ৫০ হইতে ৫২ এবং সমবায় বিধিমালা ১১১ থেকে ১২২ পর্যন্ত অনুসরন করিতে হইবে।

৩৬। সম্পত্তি বিক্রয়, বিনিময়ের উপর বিধিনিষেধঃ- সমিতির ব্যবস্থাপনা কমিটি সাধারণ সভার অনুমোদনক্রমে নিবন্ধকের অনুমোদন ব্যতীত ইহার স্থাবর সম্পত্তি এবং যন্ত্রপাতি বা যানবাহনের ন্যায় সম্পত্তি যাহা সমিতির মূলধনের অংশ তাহা বিক্রয়, বিনিময় বা ০৫ (পাঁচ) বৎসরের অতিরিক্ত সময়ের জন্য ইজারা প্রদানের মাধ্যমে হস্থান্তর করিতে পারিবেন না।

## ৩৭। সমিতি অবসায়ন-

সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ৫৩ হইতে ৫৮ পর্যন্ত এবং সমবায় সমিতি বিধিমালা ১১১ থেকে ১২২ পর্যন্ত অনুসরনপুর্বক কোন সমবায় সমিতির কার্যক্রম অবসায়ন ন্যস্ত করা যাইবে।

## ৩৮। অভ্যান্তরীণ হিসাব নিরীক্ষা পদ্ধতিঃ-

(ক) সমিতির কারযকরী মূলধন ১০০০০০০০ (এক কোটি) টাকার উর্ধ্বে হইলে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অভ্যান্তরীণ নিরীক্ষা কোষ থাকিবে এবং উক্ত ০৩ (তিন) জন সদস্য সাধারণ সভা কর্তৃক ০৩ (তিন) বৎসরের জন্য মনোনিত হইবেন।

(খ) অভ্যান্তরীণ নিরীক্ষা কোষ কর্তৃক সমিতির আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদন মন্তব্যসহ ব্যবস্থাপনা কমিটির নিকট পেশ করিবেন।

## ৩৯। সাধারন-

(ক) যে সকল বিষয় সম্পর্কে এই উপ-আইন বলিতে কোন বিধান বা নির্দেশ নাই তাহা বিদ্যমান সমবায় আইন ও বিধির নির্দেশ অনুসারে স্থিরীকৃত হইবে এবং আইন ও বিধানে তাহাদের কোন বিধান না থাকে তাহা হইলে নিবন্ধকের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থাপনা কমিটি ব্যবস্থা গ্রহণ করিবে।

(খ) এই উপ-আইনে যাহাই থাকুন না কেন এই উপ-আইনের কোন অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ সর্বশেষ সংশোধনীসহ বিদ্যমান সমবায় সমিতি আইন, এর কোন ধারা কিংবা বিদ্যমান সমবায় সমিতি বিধিমালা, এর কোন বিধির সাথে অসংগতিপুর্ন কিংবা সাংঘর্ষিত প্রমানিত হইলে তাহা তৎক্ষনিক বাতিল ও অকার্যকর বলিয়া গণ্য হইবে এবং ঐ সমস্ত বিষয়াবলী বিদ্যমান সমবায় আইন বিধি অনুযায়ী নিস্পন্ন হইবে।

(গ) এই উপ-আইনটি ২৩ (তেইশ) জন সদস্যের উপস্থিতিতে ২৯/০২/২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত সমিতির সাংগঠনিক সভায় অনুমোদিত।

আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ এই উপ-আইনের সকল ধারা পড়িয়াছি/ শ্রবণ করিয়া সকল বিধি বিধান মানিয়া স্বেচ্ছায় ও স্বজ্ঞানে স্বাক্ষর প্রদান করিলাম

| ক্রঃ নং | আবেদনকারী সদস্যদের নাম | পিতা/ স্বামীর নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মোস্তফা সাব্বির হোসনাইন | শরীফ উদ্দিন আহম্মদ | |
| ০২. | চৌধুরী আখতার আসিফ | মৃত আক্তার হোসেন চৌধুরী | |
| ০৩. | রিজুওয়ানুস শামীম | মোঃ গোলাম মর্তুজা | |
| ০৪. | মোহাম্মদ রফিক | মোঃ জওয়াদুর রহমান | |
| ০৫. | মীর রফিকুল আহসান | মীর মোঃ নাতেক আলী | |
| ০৬. | মোঃ মুর্শেদুল ইসলাম | মোঃ মঈন উদ্দীন হোসেন | |
| ০৭. | মোঃ আবুল কালাম আজাদ | মোঃ মতলুব মিঞা | |
| ০৮. | জেসমিন বেগম | মোঃ সামীমুজ্জামান | |
| ০৯. | সাইবুন নেসা | সফির উদ্দীন আহমেদ | |
| ১০. | মোঃ ফরহাদ কাওসার | মোঃ কায়সার উজ জামান | |
| ১১. | ইন্দ্রজিৎ রায় | তুলসী চন্দ্র রায় | |
| ১২. | মোঃ শাহরিয়ার শাহ | মোঃ আব্দুল কাদির শাহ | |
| ১৩. | মোঃ আব্দুস সালাম | ইসমাইল হোসেন | |
| ১৪. | আনার কলি | মোঃ ফারুক কাশেম | |
| ১৫. | মোঃ কুতুবুর রহমান সরকার | মোঃ মেহেরাব আলী সরকার | |
| ১৬. | মোঃ সারোয়ার আলম | মৃত মোস্তফা | |
| ১৭. | মোঃ মিজানুর রহমান | মোঃ সাইদুর রহমান | |
| ১৮. | এ.বি.এম রশিদুল বারী | মোঃ আবু বকর | |
| ১৯. | শামীমা ইয়াসমিন | মাহমুদ মোকাররম হোসেন | |
| ২০. | নূরে দীবা | ফরহাদ হোসেন | |
| ২১. | সিদ্দীকা সুলতানা | মোঃ আলতাফ হোসেন | |
| ২২. | মোঃ হাফিজুর রহমান | মোঃ নজমুল হক শাহ | |
| ২৩. | মোঃ সেলিম হোসেন | মকবুল হোসেন | Md. Salim Hossain |

সত্যায়িত
০১/০৭/২০২০
মোঃ শাহিনুর রহমান
সহকারী পরিদর্শক
মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়
গুলশান, ঢাকা

প্রতিস্বাক্ষরিত
০১/০৭/২০২০
মেট্রোপলিটন থানা সমবায় অফিসার
গুলশান, ঢাকা।

* সদস্য ব্যতিত ঋণ প্রদান ও আমানত গ্রহন করা যাবে না।
* এমএলএম (MLM) কার্যক্রম ... না।
* ইটকারী, লোভনীয় ও বিভ্রান্তিমূলক বিজ্ঞাপন ... না।
* সমবায় সমিতি আইন/০১, বিধিমালা/০৪ ও নিবন্ধকের সার্কুলার পরিপন্থি কোন কাজ করা যাবে না।
* কোন শাখা খোলা যাবে না।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সমবায় কার্যালয়

ঢাকা।

## সমবায় নিবন্ধন সনদপত্র

নিবন্ধন নং ০০২৪৯ তারিখ ৩১ ০৮ ২০২০

সমবায়ের নাম ও ঠিকানা শতধা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড।

বাড়ী-৫৪, রোড-৩, ব্লক-বি, নিকেতন, গুলশান, ঢাকা-১২১২।

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধীত আইন/২০০২ ও ২০১৩) এর বিধান অনুযায়ী উপরে বর্ণিত শিরোনামের সমবায় ও উহার উপ-আইনসমূহ যথারীতি আমার কার্যালয়ে নিবন্ধিত হইয়াছে।

সমবায়ের সভ্য নির্বাচনী এলাকা ও কর্মএলাকা নিম্নরূপ হইবেঃ যাহারা দিনাজপুর জেলার যে কোন স্কুল থেকে ১৯৮৪ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এস.এস.সি) পাস অথবা দিনাজপুর জেলার যে কোন কলেজ থেকে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (এইচ.এস.সি) পাস করে ঢাকা মহানগরীতে বসবাস করছেন তাদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

ও কর্ম এলাকা গুলশান থানা এলাকার মধ্যে সীমাবদ্ধ।

অদ্য ২০২০ খ্রীষ্টাব্দের আগস্ট মাসের একত্রিশ তারিখে আমার স্বাক্ষর ও সীল প্রদত্ত হইল।

(মোঃ জহিরুল হক)
জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)
ঢাকা

জেলা সমবায় কার্যালয়, ঢাকা